

ক. বৈষ্ণব
গ. শৈব

✓ খ. শাক্ত
ঘ. গাণপত্য

ঘ. নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর দাও :

১. ঈশ্বর যখন কোনো রূপ ধারণ করেন তখন তাঁকে কী বলে?
উত্তর : ঈশ্বর যখন কোনো রূপ ধারণ করেন তখন তাঁকে দেবতা বা দেবদেবী বলে।
২. চারজন দেব-দেবীর নাম লেখ।
উত্তর : চারজন দেব-দেবীর নাম হলো- (১) ব্রহ্মা, (২) বিষ্ণু, (৩) শিব ও (৪) দুর্গা।
৩. ব্রহ্মার বাম দিকের দুহাতে কী কী থাকে?
উত্তর : ব্রহ্মার বামদিকের দুহাতে থাকে কমন্ডলু ও ঘৃতপাত্র।
৪. বিষ্ণু কাদের দমন করেন?
উত্তর : বিষ্ণু দুর্গদের দমন করেন।
৫. কোন তিথিতে শিবপূজা করা হয়?
উত্তর : ফাল্গুন মাসের কৃষ্ণপবের চতুর্দশী তিথিতে শিবপূজা করা হয়।
৬. দুর্গাকে ত্রিনয়না বলা হয় কেন?
উত্তর : দেবী দুর্গার তিনটি চোখ আছে বলে তাকে ত্রিনয়না বলা হয়।

ঙ. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :

১. ব্রহ্মার বর্ণনা দাও।
উত্তর : ঈশ্বর যে রূপে সৃষ্টি করেন তাঁর নাম ব্রহ্মা। ব্রহ্মার চার হাত, চার মুখ। তাঁর বাম দিকের দু'হাতে আছে কমন্ডলু ও ঘৃতপাত্র। ডান দিকের দু'হাতে আছে ঘি ঢালার চামচ ও অবমালা। ব্রহ্মার গায়ের রং রক্ত-গৌর অর্থাৎ লালচে ফর্সা। হংস তাঁর বাহন। লালপদ্ম তাঁর আসন। বিশ্বের সবকিছুই ব্রহ্মা সৃষ্টি করেছেন। ব্রহ্মার পূজা করলে আমাদের মঙ্গল হয়।
২. বিষ্ণুর রূপ বর্ণনা কর।

উত্তর : ঈশ্বরের একটি রূপ হলো বিষ্ণু। ঈশ্বর বিষ্ণুরূপে আমাদের লালন করেন। বিষ্ণুর হাত চারটি। উপরের বাম হাতে শঙ্খ, ডান হাতে চক্র। নিচের বাম হাতে গদা, ডান হাতে পদ্ম। তাঁদের আলোর মতো বিষ্ণুর গায়ের রং। বিষ্ণুর বাহন গরবড় পাখি।

৩. বিষ্ণুর পূজা করলে কী ফল লাভ হয়?
উত্তর : সকল পূজার সময় বিষ্ণুর নাম স্মরণ করে তাঁর পূজা করা হয়। বিষ্ণুকে পূজা করলে পাপ দূর হয়। হৃদয় পবিত্র হয়।
৪. শিবের প্রণাম মন্ত্রটির বাংলা অর্থ লেখ।
উত্তর : শিবের প্রণাম মন্ত্রটির বাংলা অর্থ হলো-
তিন কারণের (সৃষ্টি, স্থিতি ও বিনাশের) হেতু শান্ত শিবকে নমস্কার। হে পরমেশ্বর, তুমিই গতি। তোমার কাছে নিজেকে সমর্পণ করি।
৫. দেবী দুর্গার বর্ণনা দাও।
উত্তর : দুর্গা শক্তির দেবী। সকল শক্তির মিলিত রূপ দুর্গা। দুর্গম নামে এক অসুরকে বধ করেন বলে তাঁর নাম হয় দুর্গা। তিনি জীবের দুর্গতি নাশ করেন। তাঁর গায়ের রং অতসী ফুলের মতো গাঢ় হলুদ। পূর্ণিমার চাঁদের মতো সুন্দর তাঁর মুখ। তাঁর তিনটি চোখ। এজন্য তাঁকে ত্রিনয়না বলা হয়। একটি চোখ কপালের মাঝখানে। তাঁর মাথার একপাশে বাঁকা চাঁদ। দেবী দুর্গার দশ হাত। তাই তাঁর আরেক নাম দশভুজা। দশ হাতে তাঁর দশটি অস্ত্র। এই অস্ত্র দিয়ে তিনি অন্যান্যের বিরুদ্ধে যুদ্ধ করেন। দেবী দুর্গা মহিষাসুরসহ আরও অনেক অসুরকে বধ করেছেন।
৬. দুর্গার প্রণাম মন্ত্রটির বাংলা অর্থ লেখ।
উত্তর : দুর্গার প্রণাম মন্ত্রটির বাংলা অর্থ হলো-
হে সর্বমঙ্গলদায়িনী, কল্যাণময়ী, সর্বার্থপ্রদানকারিণী, আশ্রয়-স্বরূপিণী, ত্রিনয়না, হে গৌরী, নারায়ণী, তোমাকে নমস্কার।

অতিরিক্ত প্রশ্ন ও উত্তর

□ ডান পাশ থেকে শব্দ এনে বাম পাশের শব্দের সঙ্গে মেলাও :

১) দুর্গম	শিবকে
২) দুর্গা	এক অসুরের নাম
৩) তিন কারণের জন্য নমস্কার	দশভুজা
৪) সৎ ব্যক্তিদের পালন করেন	ব্রহ্মার কৃপা
৫) আমাদের দ্বারা সৃষ্টির মূল	বিষ্ণু

উত্তর :

- ১) দুর্গম এক অসুরের নাম।
- ২) দুর্গা দশভুজা।
- ৩) তিন কারণের জন্য নমস্কার শিবকে।
- ৪) সৎ ব্যক্তিদের পালন করেন বিষ্ণু।
- ৫) আমাদের দ্বারা সৃষ্টির মূল ব্রহ্মার কৃপা।

□ শুদ্ধ-অশুদ্ধ নির্ণয় কর :

- ১) ঈশ্বর অনাদি ও অনন্ত।
 - ২) সবকিছুই ধ্বংস হয়ে যায় কিন্তু আত্মা থেকে যায়।
 - ৩) বিশেষভাবে শিবপূজা করা হয় চৈত্র মাসে।
 - ৪) শিবের উপাসকেরা বৈষ্ণব নামে পরিচিত।
 - ৫) ব্রহ্মার মন্দির আছে ভারতীয় উপমহাদেশের পুষ্করতীরে।
 - ৬) ঈশ্বর ব্রহ্মারূপে আমাদের পালন করেন।
- উত্তর : ১) 'শু' ২) 'শু' ৩) 'অ' ৪) 'অ' ৫) 'শু' ৬) 'অ'

- গ) শরৎকালে ঘ) হেমন্তকালে
২১. দশভূজা শব্দের অর্থ— খ)

- ক) দশ পা গ) দশ হাত
- ঘ) দশ মাথা ঘ) দশ চোখ

➔ যোগ্যতাভিত্তিক

শিখনফল: সমস্যার কারণ অনুযায়ী পূজার ধরন সম্পর্কে জানব।

২২. অনেক পাপ করার পর হারাধন এক ঋষির শরণাপন্ন হন। ঋষি তাকে পাপমোচনের জন্য কার পূজা করতে বলেছেন?

- ক) ব্রহ্মার খ) বিষ্ণুর গ)
- ঘ) শিবের ঘ) দুর্গার

শিখনফল : সৃষ্টি ও ধ্বংসের লীলার মাধ্যম সম্পর্কে জানব।

২৩. মানুষ, পশু-পাখি, গাছ-পালা সবকিছুই ধ্বংস হয়। ঈশ্বর আবার নতুন করে সৃষ্টি করেন। দেহের ধ্বংস হলেও কার ধ্বংস হয় না?

- ক) অসুরের খ) সৎ ব্যক্তিদের গ)
- ঘ) আত্মার ঘ) অসৎ ব্যক্তিদের

সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

১. ঈশ্বরের সাকার রূপ কোনটি?
উত্তর : ঈশ্বরের সাকার রূ প হলো দেবতা বা দেব-দেবী।
২. ঈশ্বর কী রূপে আমাদের পালন করেন?
উত্তর : ঈশ্বর বিষ্ণুরূ পে আমাদের পালন করেন।
৩. দেব-দেবীদের পূজার পর আমরা কী করি?
উত্তর : দেব-দেবীদের পূজার পর আমরা নির্দিষ্ট প্রণাম মন্ত্র পাঠ করে প্রণাম করি।
৪. শিব কেন অশুভকে ধ্বংস করেন?
উত্তর : শিব আমাদের মজালের জন্য অশুভকে ধ্বংস করেন।
৫. আমরা কাকে পূজা করে পবিত্র হই?
উত্তর : আমরা বিষ্ণুকে পূজা করে পবিত্র হই।

কাঠামোবদ্ধ প্রশ্ন ও উত্তর

➔ সাধারণ

- ১। বিষ্ণুর অপর নাম কী? তিনি কীভাবে আমাদের সাহায্য করেন?
উত্তর: বিষ্ণুর অপরনাম হলো নারায়ণ। বিষ্ণু নানাভাবে আমাদের সাহায্য করেন। তিনি দুষ্কদের দমন করেন। সৎ ব্যক্তিদের পালন করেন। ন্যায় ও সত্যের প্রতিষ্ঠা করেন। তাকে ঋরণ করলে এবং তাঁ পূজা করলে পাপ দূর হয়। মন পবিত্র হয়।

➔ যোগ্যতাভিত্তিক

২. পূজা সম্পর্কে তুমি যা জেনেছ তা পাঁচটি বাক্যে সংক্ষেপে লেখ।
উত্তর : পূজা সম্পর্কে আমি যা জেনেছি—
- ১) পূজা করলে পাপ দূর হয়, হৃদয় পবিত্র হয় এবং সকলের মঙ্গল হয়।
 - ২) দুর্গাপূজা শরৎকাল ছাড়া বসন্তকালেও হয়ে থাকে।
 - ৩) শরৎকালের দুর্গাপূজাকে শারদীয়া পূজা আর বসন্তকালের পূজাকে বসন্তীপূজা বলা হয়।
 - ৪) ব্রহ্মাপূজা, বিষ্ণুপূজা ও শিবপূজার নির্দিষ্ট কোনো তারিখ নেই।
 - ৫) শিবপূজা বিশেষভাবে ফাল্গুন মাসে করা হয়ে থাকে।

